



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সরকারি আবাসন পরিদপ্তর
প্রশাসন (কেন্দ্রীয়) শাখা



...

সভাপতি মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
পরিচালক
সভার তারিখ ১২-৭-২০২০।
সভার সময় সকাল ১০.০০ ঘটিকা।
স্থান সরকারি আবাসন পরিদপ্তরের পরিচালক মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিতি সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকাঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন। ফেব্রুয়ারি মাসের সমন্বয় সভার কার্যবিবরণী বিষয়ে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	এ পরিদপ্তরের প্রাক্তন বাবুচাঁ মরহুম হেলাল সরকার এর আনুতোষিক, পেনশন ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান।	এ পরিদপ্তরের প্রাক্তন বাবুচাঁ মরহুম হেলাল সরকার এর ওয়ারিশানদের অনুকূলে প্রাপ্য আনুতোষিক, পেনশন ও অন্যান্য আর্থিক পাওনাদি পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মরহুম হেলাল সরকার এর পেনশন কেইস দ্রুত নিষ্পত্তির স্বার্থে এ পরিদপ্তরের ২৭-৫-২০২০ তারিখের ২৫.৪৩.০০০০.০১৬.১৩.০০১.২০.২৫৮ নং স্মারকে মরহুম হেলাল সরকার, বাবুচাঁ এর রেখে যাওয়া ওয়ারিশগণ মাসিক পেনশন, ল্যাম্প গ্র্যান্ট এবং তার ভবিষ্য তহবিলে জমাকৃত অর্থ কি হারে পাবেন সে বিষয়ে মতামত চেয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগে প্রেরিত পত্রের বিষয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে বিষয়টি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
২.	মরহুম চান মিয়া, প্রাক্তন হেডগার্ড এর পেনশন কেইস নিষ্পত্তিকরণ।	এ পরিদপ্তরের প্রাক্তন হেডগার্ড মরহুম চান মিয়া এর ওয়ারিশ/ওয়ারিশগণের পেনশন কেইস নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মরহুম চান মিয়া, প্রাক্তন হেডগার্ড এর ওয়ারিশ/ওয়ারিশগণের পেনশন কেইস দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	বরাদ্দকৃত সকল বাসা সফটওয়্যারে অন্তর্ভুক্ত করতে হবে।	বরাদ্দকৃত বাসা সমূহের তথ্যাদি সফটওয়্যারে অন্তর্ভুক্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	এ পরিদপ্তরের বরাদ্দ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে যে সকল বাসা বরাদ্দ প্রদান হয়েছে তা সফটওয়্যারে অন্তর্ভুক্তির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল বরাদ্দ শাখা)

৪.	অতিরিক্ত পরিচালক/উপ- পরিচালক এবং অন্যান্য পদে পদোন্নতি।	অতিরিক্ত পরিচালক, উপ-পরিচালক এবং অন্যান্য সকল শূণ্য পদে পদোন্নতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	অতিরিক্ত পরিচালক, উপ-পরিচালক এবং অন্যান্য সকল শূণ্য পদে পদোন্নতির বিষয়ে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
----	--	---	---	-----------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
পরিচালক

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০১.০১.০০১.১৭.৩১৬

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৭
১২ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-সচিব, প্রশাসন-৩ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
- ২) উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৩) সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৪) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব প্রশাসন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) প্রধান সহকারী, প্রশাসন (কেন্দ্রীয়) শাখা, সরকারি আবাসন পরিদপ্তর
- ৬) জনাব মোঃ আবুল খায়ের মিয়া, নাজির (অডিট বিষয়ক শাখার দায়িত্বপ্রাপ্ত), সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা।
- ৭) জনাব রাশেদুল হক খান, সহকারী হিসাব রক্ষক (নাজির এর দায়িত্বপ্রাপ্ত), সরকারি আবাসন পরিদপ্তর, ঢাকা।



মোহাম্মদ জিল্লুর রহমান
উপ পরিচালক